001

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০১১.২৬.৩০৫ তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ / ০৬ মে ২০২৬

**বিষয়:** উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে খুলনা জেলার জলমহাল ইজারা প্রদানের বিষয়ে প্রেরিত প্রতিবেদনসমূহ পুনরায় যাচাই-বাছাইকরণ।

সূত্র : গত ২২ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৯০(নব্বই)তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৯০(নব্বই)তম সভায় উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে খুলনা জেলার ১২ (বারো)টি জলমহাল ইজারা প্রদানের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

"উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে জলমহাল ইজারার জন্য প্রাপ্ত আবেদনসমূহের মধ্যে খুলনা জেলার প্রেরিত ১২ (বারো)টি জলমহালের প্রস্তাব এবং এ মন্ত্রণালয়ে প্রস্তাবসমূহের বিরুদ্ধে দাখিলকৃত বিভিন্ন অভিযোগসমূহ পুনরায় যাঁচাই-বাছাইপূর্বক জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় মাননীয় সংসদ সদস্যদের উপস্থিতিতে পর্যালোচনাপূর্বক মতামত ও সুপারিশসহ বিস্তারিত প্রতিবেদন আগামী ১৫ কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হলো।"

২। সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৯০(নব্বই)তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে খুলনা জেলার উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে নিম্নে বর্ণিত ছকে উল্লিখিত প্রস্তাবসমূহ পুনরায় যাচাই-বাছাইয়ের নিমিত্ত প্রেরণ করা হলো।

**খুলনা জেলা ভিত্তিক জলমহালসমূহের বিপরীতে ডিও পত্র/আবেদন/অভিযোগ সংশ্লিষ্ট তথ্যাদি**

| ক্র:নং | জলমহালের নাম ও অবস্থান | আবেদনকারী নাম ও ঠিকানা | আবেদনের তারিখ ও ফর্দ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | বেদগোল্যা আমুর কাটা খাল (বদ্ধ) উপজেলা: কয়রা, জেলা:খুলনা | ———— | ———— | কোনো অভিযোগ পাওয়া যায়নি |
| ২. | কাঠালতলা নদী (বদ্ধ) উপজেলা: কয়রা, জেলা: খুলনা | জনাব মো: শাহাজান খান, সভাপতি, কশোডাঙ্গা জাগ্রত মৎস্যজীবী সমবায় সমিতি লি: , উপজেলা- কয়রা, জেলা -খুলনা | ১৫/১২/২০২৫ তারিখের অভিযোগ<br>২১.১২.২০২৫ ও ২৩.১২.২০২৫ তারিখের ০২টি অভিযোগ<br>১২/০৪/২০২৬ তারিখের ০১টি অভিযোগ | ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা সমিতির বিরুদ্ধে অভিযোগ |
| | | জনাব মুহাসিন গাজী, সভাপতি, জোড়শিং মৎস্যজীবী সমবায় সমিতি লি:, কয়রা, খুলনা | ২২.১২.২০২৫ তারিখের ১টি অভিযোগ ২৮.১২.২০২৫ তারিখের ১টি অভিযোগ | ২য় সর্বোচ্চ দরদাতা সমিতিকে বে-আইনীভাবে সুপারিশসহ প্রতিবেদন প্রেরণের বিরুদ্ধে অভিযোগ |
| ৩. | হলদিবুনিয়া (বদ্ধ) উপজেলা: কয়রা, জেলা:খুলনা | জনাব মো: শহীদ গাজী, সভাপতি, কাটকাটা মৎস্যজীবী সমবায় সমিতি লি:, কয়রা, খুলনা | ১৫.১২.২০২৫ তারিখের অভিযোগ | ২য় সর্বোচ্চ দরদাতা সমিতির অনুকূলে সুপারিশের বিরুদ্ধে অনাপত্তি ও অভিযোগ। |

চলমান পাতা-২

| খুলনা জেলা ভিত্তিক জলমহালসমূহের বিপরীতে ডিও পত্র/আবেদন/অভিযোগ সংশ্লিষ্ট তথ্যাদি | | | | |
|---|---|---|---|---|
| ক্র:নং | জলমহালের নাম ও অবস্থান | আবেদনকারী নাম ও ঠিকানা | আবেদনের তারিখ ও ফর্দ্দ সংখ্যা | মন্তব্য |
| ৪. | শেখ বাড়ি/শাক বাড়িয়া নদী (বদ্ধ) উপজেলা: কয়রা, জেলা: খুলনা | জনাব মো: আলম, সভাপতি, সোডারখাল মৎস্যজীবী সমবায় সমিতি লি:, কয়রা, খুলনা। | ২৯/১২/২০২৫ তারিখের আবেদন | মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৯৪১৮/২০২২ মামলার আদেশ জলমহালটির ইজারা কার্যক্রমের উপর কোনো মামলা নয় ও স্থগিতাদেশটিও ইজারা কার্যক্রম সংক্রান্ত নয়। এবং জেলা প্রশাসক, খুলনা কর্তৃক গত ১৬/৩/২০২৬ তারিখ ০৫.৪৪. ৪৭০০.০৩১.৩২.৫০৩.২৫.৪৯৩ স্মারকে প্রেরিত জলমহালটি উন্মুক্ত রাখার বিষয়ে প্রতিবেদন |
| ৫. | লস্কর মৌজা (বদ্ধ) উপজেলা:পাইকগাছা,জেলা:খুলনা | জনাব মো: রেজাউল করিম মিস্ত্রি,সভাপতি,দক্ষিণ অঞ্চাল মৎস্যজীবী সমবায় সমিতি লি:, উপজেলা-পাইকগাছা, জেলা-খুলনা | ২৪.১২.২০২৫ তারিখের আবেদন | ২য় দরদাতা সমিতিকে বে-আইনীভাবে সুপারিশসহ প্রতিবেদন প্রেরণের বিরুদ্ধে অভিযোগ। |
| ৬. | কাশিমনগর (বদ্ধ) উপজেলা:পাইকগাছা,জেলা:খুলনা | ———— | ———— | কোনো অভিযোগ পাওয়া যায়নি |
| ৭. | হাতিটানা নদী (বদ্ধ) উপজেলা: ডুমুরিয়া, জেলা: খুলনা | পূর্ব হুড্ডা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ কয়রা,খুলনা | ২৫.০১.২০২৬ তারিখের ১টি আবেদন | জেলা প্রশাসক, খুলনার বিরুদ্ধে এহেন দুর্নীতিমূলক কার্যক্রম বন্ধকরাসহ প্রেরিত প্রতিবেদনের বিরুদ্ধে অভিযোগ |
| ৮. | মরাভদ্রা নদী (বদ্ধ) উপজেলা:বটিয়াঘাটা,জেলা:খুলনা | জনাব রবীন্দ্রনাথ বিশ্বাস, সভাপতি, নগর শ্রীরাম মৎস্যজীবী সমবায় সমিতি লি: , কয়রা, খুলনা | ২৮.১২.২০২৫ তারিখর ১টি আবেদন | ডিফ্লোডার হিসাবে বিবেচিত করে রেজুলেশন ভূমি মন্ত্রণালয়ে পাঠিয়ে দেওয়ার বিরুদ্ধে অভিযোগ। |
| ৯. | আড়বুনিয়া (বদ্ধ) উপজেলা:তেরখাদা,জেলা: খুলনা | ———— | ———— | কোনো অভিযোগ পাওয়া যায়নি |
| ১০. | বাসুখালীর বিল (বদ্ধ) উপজেলা:তেরখাদা, জেলা: খুলনা | ———— | ———— | কোনো অভিযোগ পাওয়া যায়নি |
| ১১. | আটলিয়া (বদ্ধ) উপজেলা:তেরখাদা, জেলা: খুলনা | ———— | ———— | কোনো অভিযোগ পাওয়া যায়নি |
| ১২. | ঠেংগারনাল (বদ্ধ) উপজেলা:তেরখাদা, জেলা: খুলনা | ———— | ———— | কোনো অভিযোগ পাওয়া যায়নি |

৩। বর্ণিতাবস্থায়, সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৯০(নব্বই)তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে দ্রুত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক। ৪৫৩ (চারশত তিপান্ন) পাতা।

স্বাক্ষরিত

মো: রুহুল আমীন
উপসচিব
ফোন+৮৮-০২-৫৫১০১২৩১
e-mail:sairat1@minland.gov.bd

জেলা প্রশাসক
খুলনা।

চলমান পাতা-৩

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০১১.২৬.৩০৫/(১(৮)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ / ০৬ মে ২০২৬

**অনুলিপি সদয় অবগতির জন্য ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):**

১. কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২. যুগ্মসচিব (সায়রাত অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সিস্টেম এনালিষ্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জনসংযোগ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অফিস কপি/মাষ্টার কপি।

মো: রুহুল আমীন
উপসচিব